

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টমস্ বন্ড কমিশনারেট

৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।

নথি নং-৫(১৩)২৭৬/বন্ড ইউপি/পলিসি/২০০১/১২৭৯৪(১-২৪)

তারিখ : ২০.১২.২০০৪

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে বন্ডার কর্তৃক ইউপি'র আবেদনের সংগে দাখিলকৃত বিজিএমইএ/বিকেএমইএ হতে ইস্যুকৃত ইউডি'র তথ্য বিভিন্নভাবে জালিয়াতির মাধ্যমে পরিবর্তন করে ইউপি ইস্যু করিয়ে নেয়ার প্রচেষ্টা চালানো হচ্ছে। বিজিএমইএ/বিকেএমইএ হতে ইস্যুকৃত ইউডি'র আলোকে বিভিন্ন ধরনের আনুষংগিক দ্রব্যাদি (এক্সেসরিজ) সরবরাহের লক্ষ্যে ইউপি'র আবেদন দাখিলের ক্ষেত্রে এক্সেসরিজের পরিমাণ ও পরিমাপ (Quantity & Size) বন্ডার বেআইনীভাবে পরিবর্তন করে এ দণ্ডের হতে ইউপি গ্রহণের জন্য আবেদন করেছেন। এমতাবস্থায়, ইউপি ইস্যু অত্যন্ত ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে।

০২। বর্ণিত পরিস্থিতিতে ইউপি ইস্যুর প্রক্রিয়া সহজীকরণ এবং যে কোনো ধরনের অসৎ উদ্দেশ্য প্রতিহত করার উদ্দেশ্যে নিম্নবর্ণিত কার্যক্রমসমূহ আবশ্যিকভাবে গ্রহণ করা দরকার মর্মে প্রতিভাত হয়:

- (ক) বিজিএমইএ/বিকেএমইএ কর্তৃক প্রত্যহ সকাল ৯.৩০ ঘটিকার মধ্যে পূর্বের দিনের ইস্যুকৃত ইউডি'র কপি একটি Forwarding এর মাধ্যমে (সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের তালিকাসহ) কাস্টমস বন্ড কমিশনারেটের ইউপি শাখার দায়িত্বে নিযুক্ত সহকারী কমিশনারদ্বয়ের নিকট প্রেরণের ব্যবস্থা নিশ্চিতকরণ;
- (খ) ইউপি শাখার দায়িত্বপ্রাপ্ত সহকারী কমিশনারদ্বয় কর্তৃক গৃহীত ইউডিসমূহে স্বাক্ষরপূর্বক তা ইউপি শাখার সুপার এর নিকট প্রেরণ;
- (গ) ইউপি'র আবেদন দাখিলের সময় প্রত্যেক বন্ডার কর্তৃক ইউডি'র সত্যায়িত ফটোকপি আবেদনের সাথে সংযুক্তকরণ এবং ইউপি শাখার কর্মকর্তাগণ কর্তৃক বন্ডারের দাখিলকৃত কপি'র সাথে বিজিএমইএ/বিকেএমইএ হতে প্রেরিত মূলকপি ট্যালী করে প্রাপ্ত তথ্যাদির আলোকে মন্তব্য সহকারে তা সংশ্লিষ্ট সহকারী কমিশনার বরাবরে উপস্থাপন।

০৩। উল্লেখ্য যে, বন্ডার কর্তৃক ইউডি'র সত্যায়িত কপি দাখিল ব্যতিরেকে এবং বিজিএমইএ/বিকেএমইএ হতে প্রেরিত ইউডি'র মূলকপি'র সাথে ট্যালী করে যথাযথ না পাওয়া অবধি কোনো ইউপি'র আবেদন বিবেচনা করা হবে না।

স্বাক্ষরিত/-

[মো: এনামেত হোসেন]

কমিশনার

ফোন: ৯৩৪ ৭০০০